ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২৮৮৯

বিলোনীয়া, ১৭ সেপ্টেম্বর, ২০২৫

**পন্ডিত দীনদয়াল উপাধ্যায়, মহাত্মা গান্ধী এবং এসডি বর্মণের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে শান্তিরবাজারে প্রস্তুতি সভা**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ২৫ সেপ্টেম্বর শান্তিরবাজার মহকুমার মুকুট অডিটোরিয়ামে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। আগামী ১ অক্টোবর শান্তিরবাজার পুর পরিষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত হবে কুমার শচীন দেববর্মণ-এর জন্মজয়ন্তী এবং ২ অক্টোবর শান্তিরবাজার ইউনিটি পার্কে মহাত্মা গান্ধীজির জন্মজয়ন্তীও পালন করা হবে। এছাড়াও আগামী ২১ সেপ্টেম্বর শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে মহালয়া উপলক্ষ্যে আগমনী অনুষ্ঠান। এ উপলক্ষ্যে অডিটোরিয়াম প্রাঙ্গণে ২১ সেপ্টেম্বর থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত চলবে ফুড ফেস্টিভাল। এই ৪টি অনুষ্ঠানকে সফল করে তোলার লক্ষ্যে সম্প্রতি শান্তিরবাজার পুর পরিষদ কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রতিটি অনুষ্ঠানের জন্য একটি করে মূল কমিটি ও কয়েকটি উপ কমিটি গঠন করা হয়েছে।

*******